**Co-Chairpersons:**
Sultana Kamal, Elsa Stamatopoulou
Myrna Cunningham Kain
**Members:**
Shapan Adnan, Lars-Anders Baer, Tone Bleie
Victoria Tauli-Corpuz, Bina D'Costa, Hurst Hannum
Yasmeen Haque, Sara Hossain,
Muhammad Zafar Iqbal, Khushi Kabir
Michael C. van Walt van Praag, Iftekharuzzaman

# Chittagong Hill Tracts Commission

## বিবৃতি


## খাগড়াছড়িতে বুদ্ধমূর্তি ভাংচুরের ঘটনায় পার্বত্য চট্টগ্রাম কমিশনের গভীর উদ্বেগ ও নিন্দা প্রকাশ। ঘটনায় জড়িতদের অবিলম্বে গ্রেপ্তার, বুদ্ধমূর্তি পুনঃস্থাপন এবং একটি স্বাধীন ও নিরপেক্ষ তদন্ত কমিটি গঠনের দাবি।


**২৪ অক্টোবর ২০১৮, ঢাকা।** গত ২৩ অক্টোবর খাগড়াছড়ি জেলার গুইমারা উপজেলার হাফছড়ি ইউনিয়নের কুকিছড়া এলাকায় নবনির্মিত জেতবন বৌদ্ধ বিহারে রাতের আঁধারে হামলা করে বুদ্ধমূর্তি ও স্থাপনা ভাঙচুর করা হয়। প্রবারণা পূর্ণিমার মাত্র একদিন আগে বুদ্ধমূর্তি ও স্থাপনা ভাংচুরের ঘটনায় পার্বত্য চট্টগ্রাম কমিশন গভীর উদ্বেগ ও তীব্র নিন্দা জানাচ্ছে।

বৌদ্ধ ভিক্ষুগণ দীর্ঘ তিনমাস বর্ষাবাস পালনের পর প্রবারণা পূর্ণিমায় তাদের কঠিন তপস্যার সমাপ্তি ঘটান। কিন্তু উদ্বেগের বিষয় হল, প্রবারণা পূর্ণিমার মাত্র একদিন আগে রাতের আঁধারে দুর্বৃত্তরা কুকিছড়ার বৌদ্ধ মন্দিরের স্থাপনা ও বুদ্ধমূর্তি ভেঙে ফেলে দেয়। এই ঘটনা নিঃসন্দেহে বৌদ্ধ ধর্মালম্বীসহ দেশের সকল অসাম্প্রদায়িক চেতনার মানুষের ওপর চরম আঘাত ও অবমাননাকর। সংবিধানে অন্যান্য ধর্ম পালনে রাষ্ট্র সমমর্যাদা ও সমঅধিকার নিশ্চিতের কথা বলা হলেও এরূপ বর্বর ঘটনা এটাই প্রমাণ করে যে, দেশে অন্যান্য ধর্মালম্বীদের এখনও স্বাধীনভাবে ধর্ম পালনের অধিকার নিশ্চিত হয়নি। পার্বত্য চট্টগ্রাম কমিশন মনে করে, কুকিছড়ায় বুদ্ধমূর্তি ভাংচুরের ঘটনায় জড়িতরা কোনভাবেই দেশের সাম্প্রদায়িক সম্প্রীতি অক্ষুণœ থাকুক সেটা চায় না। তাই তারা উদ্দেশ্য প্রণোদিতভাবে পার্বত্য চট্টগ্রামকে অস্থিতিশীল রাখতে পার্বত্য চট্টগ্রামের সংখ্যাগরিষ্ঠ বৌদ্ধ সম্প্রাদায়ের বড় ধর্মীয় উৎসব প্রবারণা পূর্ণিমাকে বানচাল করে দিতে বুদ্ধমূর্তি ভেঙে দিয়েছে।

তাই পার্বত্য চট্টগ্রাম কমিশন এ বর্বর ঘটনায় জড়িত ব্যক্তিদের অবিলম্বে চিহ্নিত করে আইনের আওতায় এনে বিচারের মুখোমুখি করা ও অতিসত্তর বুদ্ধমূর্তিটি যথাস্থানে পুনঃস্থাপন করার জোর দাবি জানাচ্ছে। একইসাথে সরকারের কাছে এ ঘটনায় একটি সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ত কমিটি গঠনেরও দাবি করছে। স্থানীয় বৌদ্ধ ধর্মালম্বীরা যাতে নিরাপদে প্রবারণা উৎসবসহ সকল উৎসব নিরাপদে পালন করতে পারে সেজন্য আইনশৃঙ্খলাবাহিনী ও প্রশাসনের পক্ষ থেকে সেই নিরাপত্তা নিশ্চিত করা হয়।

ধন্যবাদসহ





| | | |
|---|---|---|
| সুলতানা কামাল | এলসা স্টামাতোপৌলৌ | মির্না কানিংহাম কেইন |
| কো-চেয়ারপার্সন | কো-চেয়ারপার্সন | কো-চেয়ারপার্সন |
| পার্বত্য চট্টগ্রাম কমিশন | পার্বত্য চট্টগ্রাম কমিশন | পার্বত্য চট্টগ্রাম কমিশন |

সদস্য: ড. স্বপন আদনান, লারস এন্ডারস বেয়ার, টোনা ব্লাই, হার্স্ট হেনাম, ড. ইয়াসমিন হক, ড. জাফর ইকবাল, ব্যারিস্টার সারা হোসেন, খুশী কবির, মাইকেল সি ভন ওয়াল্ট প্রাগ, ড. ইফতেখারুজ্জামান, ড. বীণা ডি'কস্টা।

উপদেষ্টা: ইয়েনেকি এরেঞ্জ, টম এস্কিলসন, ড. মেঘনা গুহঠাকুরতা।

International Secretariat:
C/O IWGIA, Classensgade 11E, 2100 Copenhagen, Denmark
Phone: +45 35 27 05 00, Fax: +45 35 27 05 06
E-mail: cn@iwgia.org
Phone: +88 02 91 46 048, E-mail: chtcomm@gmail.com
***www.chtcommission.org***